জেলা পরিষদ কার্যালয়

বরগুনা।

www.zp.barguna.gov.bd

স্মারক নং ৪৬.১০.০৪০০.০০০.১০২.০২.০০০৬.২৬- ১০৯ তারিখ : ১৯/০৪/২০২৬খ্রি.

## : শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি :

বরগুনা জেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের আওতায় শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে বরগুনা জেলার স্থায়ী বাসিন্দা, গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রী যারা ২০২৫খ্রি. সনে এসএসসি/দাখিল এবং এইচএসসি/আলিম অথবা সমমানের পরীক্ষায় কৃতিত্ত্বের সাথে উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত রয়েছে তাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### : শর্তাবলী :

০১। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই বরগুনা জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যায়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

০২। যে সকল ছাত্র-ছাত্রীদের অভিভাবকের বার্ষিক আয় ৩.০০ (তিন লক্ষ) টাকার নিচে শুধু মাত্র তারাই আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন। ধনী/স্বচ্ছল পরিবারের সন্তানদের আবেদন করার প্রয়োজন নেই।

০৩। ২০২৫খ্রি. সনে অনুষ্ঠিত মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারী ছাত্র-ছাত্রীদের নিম্নবর্ণিত জিপিএ থাকতে হবে।

| পরীক্ষার নাম | বিভাগ | | |
|---|---|---|---|
| | বিজ্ঞান | বাণিজ্য | মানবিক |
| এসএসসি/দাখিল অথবা সমমান | ৫.০০ | ৪.৫ | ৪.৫ |
| এইচএসসি/আলিম অথবা সমমান | ৫.০০ | ৪.৫ | ৪.৫ |

০৪। আগামী ৩০ মে ২০২৬খ্রি. তারিখ পর্যন্ত শিক্ষাবৃত্তির আবেদন ফরম অফিস চলাকালীন জেলা পরিষদ, বরগুনা অফিস হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে এবং www.zp.barguna.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।

০৫। আবেদনকারীকে স্ব-হস্তে আবেদন ফরম পূরণ করতে হবে।

০৬। মুক্তিযোদ্ধা পোষ্য ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের সর্ব ক্ষেত্রে জিপিএ ৪.০০ থাকতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্য প্রমানের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে সমাজ কল্যাণ অধিদপ্তর হতে প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৭। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে।

(ক) এসএসসি/দাখিল এবং এইচএসসি/আলিম অথবা সমমানের পরীক্ষার ক্ষেত্রে সনদপত্র ও মার্কশীটের সত্যয়িত ছায়ালিপি।
(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রঙিন ছবি, যা প্রথম শেণির গেজেটেড কর্মকর্তা/অধ্যায়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যয়িত হতে হবে।
(গ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যূকৃত আবেদনকারীর জন্ম সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/অফিস প্রধান (চাকুরি জীবির ক্ষেত্রে) কর্তৃক প্রদত্ত অভিভাবকের বার্ষিক আয়ের সনদপত্র।
(ঙ) পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্র/সনদপত্রের সত্যয়িত ছায়ালিপি।

০৮। আবেদন ফরম সঠিক ভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ আগামী ৩০ মে ২০২৬খ্রি. তারিখের মধ্যে সরাসরি বা ডাকযোগে বরগুনা জেলা পরিষদ কার্যালয়েজমা দিতে/পৌঁছাতে হবে।

০৯। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষা বৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যদি বরগুনা জেলা পরিষদ কার্যালয় হতে অফিস চলাকালীন এবং **www.zp.barguna.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৯/০৪/২০২৬

(অরবিন্দ বিশ্বাস)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বরগুনা।
ফোন : ০২৪৭৮৮৮৬০৭৭
ই-মেইল- ceo@zpbarguna.gov.bd

স্মারক নং ৪৬.১০.০৪০০.০০০.১০২.০২.০০০৬.২৬- ১০৯/১( ২০০)

তারিখ : ১৯/০৪/২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতি, অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪। জেলা প্রশাসক, বরগুনা।
০৫। প্রশাসক, জেলা পরিষদ, বরগুনা।
০৬। পুলিশ সুপার, বরগুনা।

সদয় অবগতির জন্য।

০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, বরগুনা।
০৮। প্রশাসক, বরগুনা পৌরসভা, বরগুনা।
০৯। অধ্যক্ষ, বরগুনা সরকারি কলেজ/ বরগুনা সরকারি মহিলা কলেজ, বরগুনা।
১০। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গনপূর্ত/সড়ক ও জনপথ/পানি উন্নয়ন বোর্ড/ডিপিএইচই, বরগুনা।
১১। উপজেলা নির্বাহী অফিসার, বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বেতাগী/বামনা/তালতলী, বরগুনা।
১২। প্রশাসক, উপজেলা পরিষদ, বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বেতাগী/বামনা/তালতলী, বরগুনা।
১৩। প্রশাসক, আমতলী পৌরসভা/বেতাগী পৌরসভা/পাথরঘাটা পৌরসভা, বরগুনা।
১৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরগুনা।
১৫। উপপরিচালক, সমাজসেবা, বরগুনা।
১৬। জেলা শিক্ষা অফিসার, বরগুনা। তাঁকে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে বিজ্ঞপ্তিটি অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।
১৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বরগুনা।
১৮। জেলা রেজিষ্টার, বরগুনা।
১৯। জেলা তথ্য অফিসার, বরগুনা।
২০। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বরগুনা।
২১। পোষ্ট মাষ্টার, প্রধান ডাকঘর, বরগুনা।
২২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরগুনা সদর/আমতলী/বেতাগী/পাথরঘাটা/বামনা/তালতলী, বরগুনা।
২৩। অধ্যক্ষ/সুপার, ............................................................কলেজ/ মাদ্রাসা, উপজেলা..............................................জেলা-বরগুনা।
২৪। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, বরগুনা।
২৫। চেয়ারম্যান ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), উপজেলা .............................................. জেলা :বরগুনা।

অবগতি ও বহুল প্রচারের জন্য।

২৬। সম্পাদক, দৈনিক আমার সংবাদ, ১২৮ মতিঝিল, ঢাকা।
২৭। সম্পাদক, দৈনিক সৈকত সংবাদ, বরগুনা

আগামী ২২ এপ্রিল ২০২৬খ্রি. তারিখের মধ্যে বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১০˝ X ০৪ কলাম = ৪০ সাইজে ছাপানোর জন্য অনুরোধ করা হলো।

২৮। জনাব ............................................................ পিতা ..................................................
গ্রাম : ............................ পো : ............................ উপজেলা : ............................ জেলা-বরগুনা
২৯। দারোয়ান কাম কেয়ারটেকার, ............................................................ডাকবাংলো,
উপজেলা : ............................................ জেলা : বরগুনা।
৩০। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, বরগুনা।
৩১। https://zp.barguna.gov.bd

১৯/০৪/২০২৬

(অরবিন্দ বিশ্বাস)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, বরগুনা।
ফোন : ০২৪৭৮৮৮৬০৭৭
ই-মেইল- ceo@zpbarguna.gov.bd

জেলা পরিষদ কার্যালয়
বরগুনা।
www.zp.barguna.gov.bd

## একক্যালীন শিক্ষা বৃত্তির আবেদন ফরম

০১। আবেদনকারীর নাম : ..............................
০২। পিতার নাম ..............................
০৩। মাতার নাম ..............................
০৪। স্থায়ী ঠিকানা গ্রাম/মহল্লা : .............. ডাকঘর : ..............
উপজেলা : .............. জেলা : ..............
০৫। বর্তমান ঠিকানা গ্রাম/মহল্লা : .............. ডাকঘর : ..............
উপজেলা : .............. জেলা : ..............
০৬। বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম : ..............................
০৭। বর্তমানে অধ্যয়নের বিবরণ : শ্রেণি : .............. বিভাগ : ..............
বিষয় : .............. শিক্ষা বর্ষ : ..............
রোল নম্বর :
০৮। পূর্ববর্তী পরীক্ষার ফলাফল (মার্কশিট/ট্রান্সক্রিপ্ট সংযুক্ত করতে হবে)

| ক্র. নং | পরীক্ষার নাম (এসএসসি/দাখিল এবং এইচএসসি/আলিম অথবা সমমান) | পাশের সন | প্রাপ্ত জিপিএ | শিক্ষা প্রতিষ্ঠানের নাম (যে প্রতিষ্ঠান হতে পরীক্ষায় অংশগ্রহণ করেছেন) |
|---|---|---|---|---|
| ০১ | | | | |
| ০২ | | | | |

০৯। পিতা/অভিভাবকের পেশা : ..............................
১০। পিতা/অভিভাবকের বার্ষিক আয় : ..............................
১১। আবেদনকারী প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধার সমন্তান/পোষ্য কিনা? : হ্যা না
১২। ঘোষনা/অঙ্গীকার নামা : আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে ঘোষনা/অঙ্গীকার করছি যে, বর্ণিত তদ্যাদি সঠিক। আমি বরগুনা জেলা পরিষদ হতে এককালীন শিক্ষা বৃত্তির জন্যে আবেদন করছি।

আবেদনকারীর স্বাক্ষর : ..............................
তারিখ : ..............................

১২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন/সুপারিশ : ..............................
..............................

(সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের স্বক্ষর ও সীল)

সংযুক্তি : (হ্যা অথবা না টিক চিহ্ন দিন)

| | | | |
|---|---|---|---|
| ০১। | ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি | হ্যা | না |
| ০২। | পূববর্তী পরীক্ষা পাশের মার্কশিট/ট্রান্সক্রিপ্টের সত্যয়িত ছায়ালিপি | হ্যা | না |
| ০৩। | জন্ম নিবন্ধন সনদ/নাগরিক সনদপত্রের সত্যয়িত ছায়ালিপি | হ্যা | না |
| ০৪। | প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যয়িত ছায়ালিপি (প্রযোহজ্য ক্ষেত্রে) | হ্যা | না |